

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৭০৯

৬২/ সাহাবীগণ [রাযিয়াল্লাহ 'আনহুম]-এর মর্যাদা (ﷺ كتاب فضائل أصحاب النبى) পরিচ্ছেদঃ ৬২/১০. জা'ফর ইব্দু আবূ তালিব হাশিমী (রাঃ) এর মর্যাদা।

بَابُ مَنَاقِبِ جَعْفَرِ بْنِ أَبِيْ طَالِبِ الْهَاشِمِيّ رَضِيَ اللهُ عَنْهُ

আরবী

حَدَّتَنِيْ عَمْرُوْ بْنُ عَلِيِّ حَدَّثَنَا يَزِيْدُ بْنُ هَارُوْنَ أَخْبَرَنَا إِسْمَاعِيْلُ بْنُ أَبِيْ خَالِدٍ عَنْ الشَّعْبِيِّ أَنَّ ابْنَ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا كَانَ إِذَا سَلَّمَ عَلَى ابْنِ جَعْفَرٍ قَالَ السَّلَامُ عَلَيْكَ يَا ابْنَ ذِي الْجَنَاحَيْن

قَالَ أَبُوْ عَبْدُ الله : الْجَنَاحَانِ كُلُّ ناحِيَتَيْنِ

বাংলা

৩৭০৯. শাবী (রহ.) হতে বর্ণিত যে, 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) যখন জা'ফর (রাঃ)-এর ছেলেকে সালাম করতেন তখন বলতেন, হে, দু'বাহু ওয়ালা ব্যক্তির ছেলে। [১]

আবূ 'আবদুল্লাহ [ইমাম বুখারী (রহ.)] বলেন, الْجَنَاحَانِ অর্থ প্রত্যেক বস্তুর দু' পাশ। (৪২৬৪) (আধুনিক প্রকাশনীঃ ৩৪৩৪, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৪৪১)

English

Narrated Ash-Shu`bi:

Whenever Ibn `Umar greeted Ibn Jafar, he used to say: "As-salamu-'Alaika (i.e. Peace be on you) O son of Dhu-I-Janahain (son of the two-winged person).

ফুটনোট

১। মুতার যুদ্ধে কাফিরদের তীরের আঘাতে যখন জা'ফার ইবনু আবূ তালিবের হাত দুটো দেহ হতে পৃথক হয়ে যায় তখন তিনি ঐ দু'হাতের বদলে আল্লাহর তরফ হতে দু'টি ডানা লাভ করেন। সেগুলোর সাহায্যে তিনি



ফেরেশতাদের সাথে আকাশে উড়তে থাকেন। পিতার এই অনন্য বৈশিষ্ট্য ও ফাযীলাতের স্মৃতি চারণার্থে শহীদের পুত্রকে "দু'ডানা বিশিষ্ট ব্যক্তির পুত্র" বলে সম্বোধন করতেন। হাদীসটি তিরমিযীতে বর্ণিত রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন